

প্রেস বিজ্ঞপ্তি
কৃষিতে বিজ্ঞানের আবিষ্কার কৃষকের ভাষায় বোঝাতে হবে

মাননীয় কৃষিমন্ত্রী

ঢাকা, ২২ চৈত্র, ১৪২১ বঃ; ০৫ এপ্রিল ২০১৫ খ্রিঃ

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, খাদ্যশক্তি, প্রাণশক্তি, শ্রমশক্তি ও মেধাশক্তির মূল উৎস কৃষি। এ কারণে কৃষি উন্নতির জন্য প্রয়োজন কৃষকের চাওয়া মাত্র প্রয়োজনীয় তথ্য সেবাসহ প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা। এছাড়া কৃষিতে প্রযুক্তির ছোঁয়া এবং যে উৎকর্ষতা লেগেছে কৃষককে তা স্পষ্ট ভাষায় বোঝাতে হবে।

রবিবার (০৫ এপ্রিল) দুপুর সাড়ে ১২টার দিকে রাজধানীর ফার্মগেট এলাকার (কৃষি খামার সড়ক) আ কা মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে তিন দিনব্যাপী জাতীয় কৃষি প্রযুক্তি মেলা ২০১৫ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এসব কথা বলেন।

প্রযুক্তি দিয়ে করবো কৃষি সুখে থাকবো দিবানিশি এ স্লোগান সামনে নিয়ে কৃষি তথ্য সার্ভিসের উদ্যোগে ও কৃষি মন্ত্রণালয় এবং কৃষির সঙ্গে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণে আয়োজিত এ মেলা শেষ হবে আগামী মঙ্গলবার।

প্রধান অতিথির বক্তব্যে মতিয়া চৌধুরী বলেন, কৃষিতে নতুন নতুন আবিষ্কার করলেই হবে না, তা কৃষককে বোঝাতে হবে। কৃষকের ভাষাতেই প্রযুক্তির সব বিষয় তুলে ধরতে হবে। কৃষক যখন প্রযুক্তির নানা আবিষ্কার দেখবে তখনই কৃষক সেসব ব্যবহার শুরু করবে। এসব বিষয়ে খেয়াল রেখেই প্রচার চালাতে হবে।

মতিয়া চৌধুরী বলেন, কৃষিক্ষেত্রে যেটুকু অর্জন হয়েছে তার সিংহভাগই এসেছে দেশের কৃষক ও কৃষিজীবীদের অক্লান্ত প্রচেষ্টায়। তাই কৃষকের চাহিদা অনুযায়ী আমাদের বিভিন্ন সেবার মান স্বচ্ছ ও আধুনিক হতে হবে।

মেলার উদ্বোধন ঘোষণা করার আগে কৃষিমন্ত্রী বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বিজয় ভট্টাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সংসদ সদস্য মকবুল হোসেন।

মেলা প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে। এখানে কৃষি বিষয়ে যাবতীয় তথ্য সেবা পাওয়া যাবে।

মেলার উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে শুরুতে সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।


বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com